



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩১৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯

০১ মার্চ ২০২৩

### অফিস আদেশ

‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আন্তীকরণ বিধিমালা-২০১৮’-এর আলোকে সদ্য সরকারিকৃত নাগেশ্বরী সরকারি কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব এস.এম. শাহজাহান কবির অবসরজনিত কারণে ১১-০৮-২০২২ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন। কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা পদার্থবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ ফজলুল হক (ইনডেক্স-৪০৫৫৩৪) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের অনুমতি প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে জনাব মোঃ ফজলুল হক (ইনডেক্স-৪০৫৫৩৪)-কে পরবর্তী অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদায়ন না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী কলেজের আর্থিক বিষয়সহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১-৩-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩১৫/১

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯

০১ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪) জেলা প্রশাসক -----;
- ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;

- ৭) জনাব মোঃ ফজলুল হক (ইনডেক্স-৪০৫৫৩৪), নাগেশ্বরী সরকারি কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম;  
৮) ব্যাংক ম্যানেজার -----;  
৯) সংরক্ষণ নথি।



১-৩-২০২৩  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক